



দেশ পুনর্গঠনে প্রবাসীদের সক্রিয় অংশগ্রহণের আহ্বান প্রধান উপদেষ্টার



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস বলেছেন, প্রবাসীরা বাংলাদেশের অবিচ্ছেদ্য অংশ। দেশের পুনর্গঠন ও পরিবর্তনের ধারা এগিয়ে নিতে তাদের গুরুত্বপূর্ণ অবদান রাখতে হবে। রেমিট্যান্স প্রবাহে প্রবাসীদের অবদানকে প্রশংসা করে তিনি বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরিতে সরকারের উদ্যোগ তুলে ধরেন।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস প্রবাসীদের উদ্দেশে বলেন, বাংলাদেশের পুনর্গঠন প্রক্রিয়ায় তাদের সক্রিয় ভূমিকা অপরিহার্য। তিনি জানান, জুলাই বিপ্লবের পর শুরু হওয়া পরিবর্তনের ধারা অব্যাহত রাখতে প্রবাসীদের অংশগ্রহণ বিশেষভাবে প্রয়োজন।

শনিবার (২৭ সেপ্টেম্বর) নিউইয়র্কে 'এনআরবি কানেক্ট ডে' উপলক্ষে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে তিনি স্মরণ করেন, কীভাবে এক বছর আগে জটিল পরিস্থিতিতে সরকার গঠন করতে হয়েছিল।

প্রধান উপদেষ্টা বলেন, রেমিট্যান্স প্রবাহে ২১ শতাংশেরও বেশি প্রবৃদ্ধি প্রবাসী বাংলাদেশীদের অবদানেরই ফসল। একইসঙ্গে তিনি বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টিতে সরকারের পদক্ষেপের কথা উল্লেখ করেন।

অনুষ্ঠানে বিএনপি, জামায়াত ও এনসিপি নেতাদের পাশাপাশি উপস্থিত ছিলেন প্রধান উপদেষ্টার বিশেষ দূত লুৎফী সিদ্দিকী, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খালিলুর রহমান ও আইন উপদেষ্টা আসিফ নজরুল। সঞ্চালনা করেন বিডার নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী।